

৩৬
সিমান

খুবির ছাত্র-ছাত্রীরা ইন্টারনেট সার্ভিস নিয়ে দুর্ভোগে

॥ খুলনা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
খুলনা বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহারকারী ছাত্র-ছাত্রীরা অসহনীয় দুর্ভোগের শিকার হচ্ছে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানায়, প্রায় ২ বছর পূর্বে রেডিও লিংকের মাধ্যমে আকিজ অনলাইন ইন্টারনেট ব্যবসা শুরু করে। খানজাহান আলী হল ও অপরাজিতা হলে নির্দিষ্ট চুক্তিতে ইন্টারনেটের সংযোগ ও সরবরাহ চালু রয়েছে। দৈনিক ১২ ঘন্টা নেট সার্ভিসের জন্য ৩০০ টাকা হারে মাসিক বিল মাসের শুরুতেই প্রদান সাপেক্ষে নেটের সংযোগ প্রদান ও লাইন চালু রাখা হয়। এছাড়া সংযোগ চার্জ ১০০ টাকা এবং পুনরায় চালুর জন্য ২০০ টাকা কোন ধরনের রশিদ ছাড়াই আকিজের কর্মকর্তা-কর্মচারীরা শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করছে।

করতে পারছেন না। এছাড়া বর্তমানে সম্পূর্ণভাবে বন্ধ রয়েছে ইন্টারনেট সরবরাহ। শেষ বর্ষের ছাত্র-ছাত্রীরা জানায়, তাদের থিপি স প্রজেক্ট সম্পন্ন করার জন্য ব্যাপকভাবে ইন্টারনেটের উপর নির্ভর করতে হয়। অথচ টাকা দিয়েও তারা সুবিধা নিতে পারছে না। এ ব্যাপারে শিক্ষার্থীরা হল কর্তৃপক্ষ ও আকিজের আঞ্চলিক ম্যানেজারের কাছে বারবার অভিযোগ করেও কোন প্রতিকার পাচ্ছে না।

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আকিজের চুক্তি অনুসারে নিরবচ্ছিন্নভাবে ইন্টারনেটের সংযোগ ও সরবরাহ চালু রাখার বাধ্যবাধকতা থাকলেও অধিকাংশ সময়েই আকিজ ইন্টারনেটের সংযোগ, সরবরাহ ও সার্ভার বন্ধ করে রাখে। মাসের শুরুতে প্রি-পেইড পদ্ধতিতে মাসিক বিল প্রদান করলেও শিক্ষার্থীরা দৈনিক গড়ে ৩ ঘন্টাও নেট ব্যবহার